



খালেদা জিয়ার অসুস্থতার জন্য হাসিনার জবাবদিহি নিশ্চিত করতে হবে : রুমিন ফারহানা



সংগৃহীত ছবি

বিএনপির নেতা রুমিন ফারহানা বলেন, “যে নেত্রী আগে সুস্থ শরীরে পায়ে হেঁটে গাড়িতে করে শেখ হাসিনার কারাগারে গিয়েছিলেন, আজ কেন জীবন-মৃত্যুর সংকটে? আমরা উদ্দিগ্ন যে, কারাগারে থাকা অবস্থায় তার প্রয়োজনীয় চিকিৎসা করা হয়নি। এটি নিয়ে দেশের মানুষ জানতে চায়—তার সঙ্গে কি ধরনের আচরণ হয়েছে? কারাগারে তাকে কোনো ধরনের অনুপযুক্ত বা ক্ষতিকর পদক্ষেপ করা হয়েছে কি না, তা প্রশ্নবিদ্ধ।”

এই মন্তব্য করেন নিজের নির্বাচনী এলাকা সরাইল-আশুগঞ্জ খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতার জন্য আয়োজিত দোয়া মাহফিলে।

রুমিন ফারহানা আরও বলেন, “তিনবারের সাবেক প্রধানমন্ত্রী, দেশের এক আপসহীন ও দৃঢ় নেত্রী, যিনি কোনো নির্বাচনে কখনো পরাজিত হননি—আজ হাসপাতালে চিকিৎসাধীন। যখন তিনি কারাগারে ছিলেন, আমি নিয়মিত মামলার দিনগুলোতে আলিয়া মাদরাসায় উপস্থিত থাকতাম এবং কারাগারে তার সঙ্গে দেখা করতে যেতাম। তখন তাকে এত অসুস্থ দেখিনি। এই দ্রুত অবনতি অত্যন্ত উদ্বেগজনক।”

তিনি দোয়া করে বলেন, “আল্লাহ আমাদের নেত্রীকে সুস্থ জীবন দান করুন, তাকে আবার শক্তিশালী করে আমাদের মাঝে ফিরিয়ে দিন। যেন তিনি দেশের দায়িত্ব ও দলের নেতৃত্ব গ্রহণের জন্য শারীরিকভাবে সক্ষম হন।”

রুমিন ফারহানা জোর দিয়ে বলেন, “এ বিষয়টি শুধু ব্যক্তিগত নয়, এটি দেশের জন্যও গুরুত্বপূর্ণ। খালেদা জিয়ার অসুস্থতার জন্য আওয়ামী লীগ ও শেখ হাসিনাকে দায়িত্বশীল হয়ে জবাবদিহি করতে হবে।”